দৈনিক
ইত্তেফাক

16 JUL 2016
পৃষ্ঠা ৪ কলাম ৪

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের নতুন প্রো-ভাইস চ্যান্সেলর হলেন হাফিজ মুহম্মদ হাসান বাবু



রাষ্ট্রপতি ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর আবদুল হামিদ ঢাকা বিশ্ববিদ্যালয়ের রোবোটিকস অ্যান্ড মেকাট্রনিকস ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রতিষ্ঠাকালীন চেয়ারম্যান এবং বর্তমানে কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের অধ্যাপক ও সাবেক চেয়ারম্যান অধ্যাপক ড. হাফিজ মুহম্মদ হাসান বাবুকে চার বছরের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস-চ্যান্সেলর হিসেবে নিয়োগ দিয়েছেন। তিনি গত বৃহস্পতিবার জাতীয় বিশ্ববিদ্যালয়ে যোগদান করেছেন।

যোগদান অনুষ্ঠানে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. হারুন-অর-রশিদ, প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মো. আসলাম ভূঁইয়া, ট্রেজারার অধ্যাপক মো. নোমান উর রশীদ, রেজিস্ট্রার মোল্লা মাহফুজ আল-হোসেনসহ বিভাগীয় প্রধানসহ কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন। ড. হাফিজ মুহম্মদ হাসান বাবু জাপান সরকারের স্কলারশিপ নিয়ে কিয়োসু ইনস্টিটিউট অব টেকনোলজি থেকে কম্পিউটার বিজ্ঞান ও ইলেকট্রনিকস বিষয়ে ২০০০ সালে পিএইচডি ডিগ্রি লাভ করেন। দেশ-বিদেশের জার্নালে তার অনেক প্রকাশনা ও গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়েছে। —প্রেস বিজ্ঞপ্তি